

## ■ সহীহ ইবনু হিব্রান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৯০

১৩. কিতাবুল হজ (كتاب الحج)

পরিচ্ছেদঃ তারবিয়া পাঠকারীর জন্য মুস্তাহব হলো তালিয়া পাঠের সময় দুই আঙুল কানে চুকানো

ذِكْرُ الْاسْتِحْبَابِ لِلملَبِّيِّ عِنْدَ التَّلْبِيَّةِ إِذْخَالُ الْأَصْبَعَيْنِ فِي الْأَذْنَيْنِ

আরবী

3790 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنُ الْخَلِيلِ حَدَّثَنَا عَلَيُّ بْنُ سَعِيدٍ الْمَسْرُوقيُّ حَدَّثَنَا أَبْنُ أَبِي زَائِدَةَ عَنْ دَاؤِدَ بْنِ أَبِي هِنْدٍ عَنْ أَبِي الْعَالِيَّةِ عَنْ أَبْنِ عَبَّاسٍ قَالَ: انطَلَقْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ مَكَّةَ إِلَى الْمَدِينَةِ فَلَمَّا أَتَيْنَا عَلَى وَادِي الْأَزْرَقِ قَالَ: (أَيُّ وَادٍ هَذَا؟) قَالُوا: وَادِي الْأَزْرَقِ قَالَ: (كَانَمَا أَنْظَرْتُ إِلَيْ مُوسَى - يَنْعَتُ مِنْ طُولِهِ وَشَعْرِهِ وَلَوْنِهِ - وَاضِعًا أَصْبَعَيْهِ فِي أَذْنِيهِ لَهُ جُوَارٌ إِلَى اللَّهِ - تَعَالَى - بِالتَّلْبِيَّةِ مَارًّا بِهَا الْوَادِي) ثُمَّ نَفَذْنَا الْوَادِيَ حَتَّى أَتَيْنَا - قَالَ دَاؤِدُ: أَظْنَنُهُ - ثَنِيَّةَ هَرْشَى قَالَ: (أَيُّ ثَنِيَّةٍ هَذِهِ؟) فَقُلْنَا: ثَنِيَّةُ هَرْشَى قَالَ: (كَانَمَا أَنْظَرْتُ إِلَيْ يُونُسَ عَلَى نَاقَةٍ حَمْرَاءَ خِطَامُ النَّاقَةِ خُلْبَةٌ عَلَيْهِ جُبَّةٌ لَهُ مِنْ صُوفٍ يُهْلِ نَهَارًا بِهَذِهِ الثَّنِيَّةِ مُلْبِيًّا)

الراوي : أَبْنُ عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3790 | خلاصة حكم المحدث: صحيح - ((الصحيحة)) (2023):

খ.

**الجُوَارُ: الْإِبْتَهَالُ وَالخُلْبَةُ: الْحَشِيشُ ، قَالَهُ الشَّيْخُ.**

বাংলা

৩৭৯০. ইবনু আব্রাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে মঙ্গা থেকে মাদীনার উদ্দেশ্যে রওয়ানা হই। অতঃপর যখন আমরা আয়রাক উপত্যকায় আসি, তখন তিনি বলেন, “এটা কোন উপত্যকা?” সাহাবীগণ জবাবে বলেন, “আয়রাক উপত্যকা।” তিনি বলেন, “আমি যেন মুসা আলাইহিস সালামকে দেখতে পাচ্ছি, -রাবী বলেন, তিনি তাঁর উচ্চতা, চুল ও গায়ের রঙের বিবরণ দেন-

তিনি তাঁর দুই আঙুলকে দুই কানে রেখেছিলেন। তিনি আল্লাহর কাছে ফরিয়াদ করছিলেন। তিনি তালবিয়া পাঠরত অবস্থায় এই উপত্যকা দিয়ে অতিক্রম করেছেন।”

রাবী বলেন, “তারপর আমরা সেই উপত্যকা অতিক্রম করি। তারপর আমরা -দাউদ বর্ণনাকারী বলেছেন, আমার ধারণা হারশা গিরিপথে- আসি। তখন তিনি বলেন, “এটা কোন গিরিপথ?” আমরা বললাম, “এটা হারশা গিরিপথ।” তিনি বলেন, “আমি যেন ইউনুস আলাইহি সালামকে তাঁর লাল বর্ণের উদ্বীর উপর দেখতে পাচ্ছি। উদ্বীর লাগাম ছিল খেজুর গাছের ছালের। তাঁর পরিধানে ছিল পশমী জুব্রা। তিনি এই গিরিপথে দিনে উচ্চ স্বরে তালবিয়া পাঠ করেছেন।”[1]

আবু হাতিম ইবনু হিব্রান রহিমাত্তলাহ বলেন, “الجُوَارُ” অর্থ বা মিনতি করা, “الخُلْبَةُ” অর্থ হাশীশ। এটি আমাদের শাইখ বলেছেন।”

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১৬৬; ইবনু মাজাহ: ২৮৯১; সহীহ ইবনু খুযাইমাহ: ২৬৩২; মুসনাদ আহমাদ: ১/২১৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাত্তলাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাত্তলাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ২০২৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁঁরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93129>

৬ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন